








## ওয়ার্কশপ কার্যবিধি

### উন্মোচন

১. নিজেদের মধ্যে কিছু জ্ঞান বিতরণ- কার্ড গেম

সম্প্রদায়ে প্রভাব বিস্তারকারী মানুষজনকে অন্বেষণ করা, যেমন জেন জেকবস  এবং তাদের মতো সাধারণ মানুষের প্রভাবগুলি সূক্ষ্মভাবে অবলোকন করা। এই কার্ড গেইমে অংশগ্রহণকারীরা জেন জেকবসের জীবন কথা ও তার নগর নিয়ে গড়ে ওঠা সুন্দর ধারণাগুলো সম্পর্কে খেলার ছলে জানতে পারবে।

২. এলাকার মানচিত্র অঙ্কন - আমাদের পাঁচ ইন্দ্রিয়ের মাধ্যমে

একটি এলাকা বাছাই করা হবে এই মানচিত্র আঁকার জন্যে, এলাকাটি অবশ্যই অংশগ্রহণকারী স্কুলের কাছাকাছি অবস্থিত হতে হবে। অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের একটি 'পাঁচ ইন্দ্রিয় গাইড' এর কপি দেওয়া হবে এবং পাশের সেই এলাকাটিতে হাঁটতে নিয়ে যাওয়া হবে। হেঁটে যাওয়ার সময়, তারা গাইডটি অনুযায়ী শহরগুলির বিভিন্ন বৈশিষ্ট্য গভীর ভাবে পর্যবেক্ষণ করবে। তারপর তারা জেন জেকব এর চিন্তা ভাবনা আর অনুভূতিগুলো ব্যবহার করে তাদের অভিজ্ঞতার মানচিত্র তৈরি করবে।

### সংজ্ঞবদ্ধতা

৩. মানচিত্র সবার সামনে তুলে ধরা এবং আলোচনা করা

অংশগ্রহণকারীরা হাঁটার সময় তাদের ব্যক্তিগত অভিজ্ঞতা নিয়ে এলাকার মানচিত্র তৈরি করবে। মানচিত্রগুলো দিয়ে তারা তাদের আশপাশের পর্যবেক্ষণগুলি সবার সাথে আলোচনা করবে। তারা প্রত্যেকের পর্যবেক্ষণগুলো বর্ণনা, তুলনা এবং সমালোচনা করার জন্যে একে অপরকে প্রশ্ন করবে এবং আলোচনায় অংশ নিবে।

৪. নিজেকে সম্প্রদায়ের বিভিন্ন মানুষের পরিস্থিতিতে কল্পনা করা

একটি সম্মিলিত মানচিত্র অংশগ্রহণকারীদের দ্বারা তৈরি করা হবে, যাতে প্রত্যেকের নিজস্ব মানচিত্র থেকে নেয়া বিভিন্ন চিন্তা ভাবনা গুলো বিশদভাবে অন্তর্ভুক্ত থাকবে। একটি সম্প্রদায়ের  বিভিন্ন শ্রেণীর মানুষের ভূমিকা সকল অংশগ্রহণকারীদের মধ্যে ভাগ করে দেয়া হবে। উদাহরণস্বরূপ - ছাত্রছাত্রীরা কখনো কোনো বৃদ্ধ মহিলা যার হাঁটতে অসুবিধা হয়, কোনো বাচ্চা যে মাঠে খেলতে ভালবাসে, কোনো দোকানদার যে চা বিক্রি করে, একজন অবসরপ্রাপ্ত পোস্ট মাস্টার অথবা একজন বাড়ি নির্মাতার ভূমিকায় নিজেদেরকে কল্পনা করবে। এই বিভিন্ন ভূমিকাগুলি অনুমান করে, অংশগ্রহণকারীরা তাদের পূর্বের অনুশীলন থেকে শেখা সমস্ত নীতিগুলি মেনে চলার পাশাপাশি তাদের এলাকা/শহরকে কীভাবে রক্ষা করা বা পরিবর্তন করা যেতে পারে সে সম্পর্কে আলোচনা করবে।

### পদক্ষেপ গ্রহণ

৫. পথপ্রদর্শন এবং প্রতিক্রিয়া পর্যবেক্ষণ - প্রদর্শনী করা

স্কুলে একটি প্রদর্শনীর ব্যবস্থা করা হবে যেখানে ছাত্রছাত্রীদের সমস্ত অঙ্কন, মানচিত্র, ফটো এবং অন্যান্য লিখালিখি প্রদর্শন করা হবে। প্রদর্শনীর উদ্দেশ্য শিক্ষার্থীরা যেসকল ধারণা ও তাদের শহর নিয়ে যে সকল বিষয় পর্যবেক্ষণ করেছে, সেগুলো সমাজের সকলের সামনে তুলে ধরা। তাহলে আমাদের শহরের লোকেরা কীভাবে একটি সম্প্রদায়, একটি এলাকা সংরক্ষণ করার দায়িত্ব নেয়া যায় এবং একই সাথে সে এলাকার উন্নয়ন আর যথার্থ পরিবর্তন আনা যায় তা নিয়ে চিন্তা করতে উৎসাহিত হবে। প্রদর্শনীতে অংশগ্রহণকারীদের অভিভাবক এবং সহকর্মী শিক্ষার্থীদের আমন্ত্রণ জানানো হবে।

৬. দিনের শেষে - সমাজের অগ্রদূত যারা

অংশগ্রহণকারীদের মধ্যে থেকে ভবিষৎ অগ্রদূতদের চিহ্নিত করা হবে। তাদেরকে এই ওয়ার্কশপ শেষে জেন জেকব এর ধারনাগুলির তালিকা নিয়ে পরিকল্পিত পোস্টারগুলো দেওয়া হবে। তাদেরকে বিভিন্ন আলোচনা থেকে উদ্ভূত মূল বিষয়গুলি নিয়ে একটি চিঠি লিখে ওই এলাকার নগর কর্মকর্তাদের কাছে পাঠানোর ব্যাপারে উৎসাহিত করা হবে। এই সকল ছাত্র ছাত্রীরা তাদের পাড়ার পরিচিত মানুষজনের মাঝে এই চিন্তা-ভাবনাগুলো ছড়িয়ে দিবে। ছয় মাস পরে তারা নিজেরাও এলাকার মানুষজনকে নিয়ে আরো একটি এইরকম ওয়ার্কশপ আয়োজন করতে পারে, এটা পর্যবেক্ষণ করতে যে, তাদের প্রচেষ্টার কোনো প্রভাব আশেপাশের পাড়ায়, বা শহরের মানুষজনের চিন্তা-ভাবনায় কোনো পরিবর্তন এনেছে কিনা।

## অংশগ্রহণকারী শিক্ষার্থীরা কি কি শিখবে?

১. অংশগ্রহণকারী শিক্ষার্থীরা জেন জেকবস এবং তার শহর নিয়ে যুগান্তকারী ধারণাগুলো সম্পর্কে জানতে পারবে।

২. শিক্ষার্থীরা তাদের পাঁচটি ইন্দ্রিয়কে ব্যবহার করে কিভাবে তাদের আশেপাশের পরিবেশ পর্যবেক্ষণ করা যায় এবং কীভাবে আমরা জীবনের খুব স্বাভাবিক ঘটনাগুলোকে উপেক্ষা করে যাই, কিন্তু সূক্ষ্মরূপে পর্যবেক্ষণ করে গেলে তা থেকেও ভীষণ যুক্তিযুক্ত কোনো মতামতের বিকাশ ঘটতে পারে তা শিখবে।

৩. কিভাবে মানচিত্র এবং আঁকাআঁকির মাধ্যমে জীবনের পর্যবেক্ষণগুলি কীভাবে উপস্থাপন করা যায় শিক্ষার্থীরা সে কৌশলগুলো শেখার সুযোগ পাবে।

৪. তারা শিখবে কিভাবে একটি গ্রুপ আলোচনায় কিভাবে অনেক ধরণের মানুষকে সম্মিলিত করা যায়।

৫. কিভাবে একটি ওয়ার্কশপ থেকে উদ্ভূত ধারণা চিন্তাগুলো নিয়ে একটি প্রদর্শনী ব্যবস্থা করা হয় অংশগ্রহণকারীরা তা জানতে পারবে।
৬. তারা এই ওয়ার্কশপ এর বিভিন্ন কাজের মাধ্যমে তাদের নেতৃত্ব এবং যোগাযোগ দক্ষতা অনুশীলন করতে পারবে।

## শিক্ষার্থীরা এই ওয়ার্কশপে অংশগ্রহণ করে কি কি পাবে?

১. ওয়ার্কশপ সম্পন্ন করার জন্যে একটি সার্টিফিকেট
২. একটি নোটিপ্যাড এবং পাঁচ ইন্দ্রিয় গাইড
৩. একটি "Observe" ব্যাজ
৪. মানচিত্র আঁকার জন্য আর্ট কাগজ
৫. নির্বাচিত শিক্ষার্থীরা ওয়ার্কশপের প্রেক্ষিতে তাদের কাজের একটি পোস্টার পাবে

## অংশগ্রহণকারী স্কুল ওয়ার্কশপটি আয়োজন করার জন্যে  কি কি ভাবে সহায়তা প্রদান করতে পারে?

১. সপ্তম- দশম শ্রেণির ২৫ জন আগ্রহী শিক্ষার্থীর একটি গ্রুপ তৈরি করে

২. সকালে এবং বিকালে আলোচনা সেশনের জন্য একটি শ্রেণীকক্ষ এর ব্যবস্থা করে


৩. শিক্ষার্থীদের নিয়ে স্কুলের কাছাকাছি একটি ছোট্ট আবাসিক এলাকায় হাঁটার জন্য একজন বা দুইজন স্কুলের শিক্ষকের উপর দায়িত্ব আরোপণ করে (সব প্রধান সড়ক কঠোরভাবে এড়িয়ে যাওয়া হবে)

৪. স্কুলের কর্তৃপক্ষের আগ্রহ থাকলে শিক্ষার্থীদের দ্বারা তৈরি সমস্ত আঁকা ছবি, মানচিত্রগুলি প্রদর্শনের ব্যবস্হা করা হবে। যদি সম্ভব হয় তাহলে বোর্ডে পিন দিয়ে এইসকল কাজের শিল্প-প্রদর্শনী করা যেতে পারে (বোর্ড / নোটিশ বোর্ড এবং পিনের প্রয়োজন হবে)


## ওয়ার্কশপ সময়সূচি

একটি পুরো দিন - মোট  ৮ ঘন্টা
ক্লাসরুম অধিবেশন - ২ ঘন্টা
আশেপাশের এলাকায় হাঁটা  - ২ ঘন্টা
শ্রেণীকক্ষে মানচিত্র আঁকা এবং আলোচনা - ২ ঘন্টা
প্রদর্শনী - ২ ঘন্টা









Dear Sir/Madam,

We visited Gandhi Nagar as part of the Observe Team today(18-06-2018). We think that the following improvements can be implemented in that area:

* better garbage disposal system
* better roads
* more trees to be planted.
* proper sewage system.
* Footpaths.
* better traffic control.

Yours sincerely,

Thanking You.





# OBSERVE

## পর্যবেক্ষণ

পর্যবেক্ষণ প্রোগ্রামের লক্ষ্য শহরের বিভিন্ন দিক কিভাবে পর্যবেক্ষণ করে শহর সম্পর্কে জানতে হয় এবং এর ভিত্তিতে কিভাবে শহরকে নতুন ভাবে গড়ে তুলতে হয় তা সম্পর্কে তরুণদের শিক্ষা দেওয়া। যে পরিবর্তন তরুণরা চায় তা কিভাবে সবার কাছে উপস্থাপন করতে হয় তা সম্পর্কে অনুগত করা। অংশগ্রহণকারীরা একটি এলাকা  কেন্দ্র করে পর্যবেক্ষণ করবে, শহর সম্পর্কে জানবে এবং বিভিন্নদিকে চিন্তার দক্ষতা বিকাশ করবে। তার শহরে সে যে পরিবর্তনগুলো চায়, তা বাস্তবে কিভাবে পরিনত করা যায় এই নিয়ে ভাবা শুরু করবে। এই প্রোগ্রামটি পরিচালনা করছে "Center for The Living City" নামে একটি এনজিও। এই প্রোগ্রামটি পূর্বে আমেরিকায় ও ইন্ডিয়ায় গার্ল স্কাউট দ্বারা সফলভাবে সম্পন্ন হয়েছে।

আমাদের সমাজ-সম্প্রদায়গুলো যেসব জরুরি সমস্যার সম্মখীন হয় সেগুলোর মধ্যে জলবায়ু পরিবর্তন, দ্রুত নগরায়ন, নিরাপদ পানীয় জলের ঘাটতি, স্যানিটেশন, খাবারের জায়গায় পরিবেশ ধূষণ ইত্যাদি অন্যতম। **Jane Jacobs, Malala Yousafzai,** এবং **Jaime Lerner** নামক গন্যমান্য এবং প্রভাবশালী ব্যক্তিগণ দ্বারা অনুপ্রাণিত হয়ে আজকের ভবিষ্যৎ উদ্যোক্তারা এই সমস্যা গুলো দূর করার প্রকল্প নিজের স্বপ্নে লালন করতে পারে। তরুণদের এই দিকনির্দেশনা দেওয়ার জন্য এ ওয়ার্কশপ এর আয়োজন করা হয়েছে যাতে তারা অসামঞ্জস্যতাকে ভেদ করে তাদের সৃজনশীল প্রতিভাকে বিকশিত করতে পারে। এই পর্যবেক্ষণ প্রোগ্রামটি তাদের মধ্যে নেতৃত্বের গুণাবলীকে জাগ্রত করতে সাহায্য করবে। এই প্রোগ্রামটি শুধু সামাজিক সচেতনতা বৃদ্ধি করবে তা নয়, উপরন্তু অংশগগ্রহণকারীগণ তাদের পর্যবেক্ষণ  ক্ষমতা দিয়ে আমাদের বিভিন্ন সমস্যা যেমন, সাশ্রয়ী মূল্যের হাউজিং ঘাটতি, খাদ্য ভেজাল, স্যানিটেশন, শিক্ষায় বৈষম্য ইত্যাদির উপর আলোকপাত করার সুযোগ পাবে।

পর্যবেক্ষণ প্রোগ্রামটি একটি ফ্রি ওয়ার্কশপ যাতে শিখানো হবে তরুণরা তাদের কণ্ঠস্বরকে কিভাবে জোরালো করতে পারে।

## CONTACT


Monika Roy
Research Assistant- Center for the Living City
Email -monika@centerforthelivingcity.org
Ph - +1 2109752072


For more information, visit:
www.centerforthelivingcity.org
www.urbandesigncollective.org

CENTER FOR
THE LIVING CITY